"শিল্পে প্রাকৃতিক গ্যাস গৃহস্থালীতে বিকল্প জ্বালানী"

# বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

# BAKHRABAD GAS DISTRIBUTION COMPANY LIMITED
(A Company of Petrobangla)

সূত্র নং-২৮.১১.০০০০.৩০০.০১.০৫৮.১৯/২১

তারিখ ঃ ২৬-০১-২০১৯

চেয়ারম্যান
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন(বিইআরসি)
টিসিবি ভবন(৪র্থ তলা)
১, কাওরান বাজার
ঢাকা-১২১৫।

**বিষয় ঃ গ্রাহক পর্যায়ে গ্যাসের মূল্য হার বৃদ্ধি এবং বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড-এর ডিস্ট্রিবিউশন মার্জিন বৃদ্ধির আবেদন।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সরকার দেশীয় প্রাকৃতিক গ্যাসের ক্রমহ্রাসমান উৎপাদন এবং দেশে গ্যাসের উত্তরোত্তর চাহিদা বৃদ্ধির বিষয়টি বিবেচনা করে বিভিন্ন খাতে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহের লক্ষ্যে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস(এলএনজি) গত ১৮ আগষ্ট, ২০১৮ হতে আমদানি করছে এবং আমদানিকৃত এলএনজি রি-গ্যাসিফাই করে ভাসমান এলএনজি ট্রার্মিনাল হতে জাতীয় গ্রীডে সরবরাহ করছে। আমদানিকৃত এলএনজি'র মূল্য দেশীয় উৎপাদিত গ্যাসের বিক্রয় মূল্য অপেক্ষা বেশী হওয়ায় আমদানিকৃত এলএনজি'র মূল্য সমন্বয়পূর্বক গ্রাহক পর্যায়ে গ্যাসের মূল্য বৃদ্ধির বিষয়টি বিবেচনা করা প্রয়োজন। এ পরিপ্রেক্ষিতে বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (বিজিডিসিএল)-এর পক্ষ হতে উৎপাদন কোম্পানিসমূহের ওয়েলহেড মার্জিন, বিতরণ কোম্পানিসমূহের বিতরণ মার্জিন, সঞ্চালন কোম্পানিসমূহের সঞ্চালন মার্জিন, আরপিজিসিএল-এর এলএনজি অপারেশনাল চার্জ ও পেট্রোবাংলার চার্জের ক্ষেত্রে বিদ্যমান হার অপরিবর্তিত রেখে আমদানিকৃত এলএনজি'র মূল্য সমন্বয় করে বিভিন্ন শ্রেণীর গ্রাহকের জন্য গ্যাসের মূল্য প্রস্তাব করে কমিশনের বিবেচনার জন্য এতদসংগে দাখিল করা হলো(সংযুক্তি-১)। তবে বিজিডিসিএল-এর বিদ্যমান বিতরণ মার্জিন প্রতি ঘনমিটারে ০.২৫ টাকা যা রাজস্ব চাহিদা মিটানোর জন্য পর্যাপ্ত নয়। উল্লেখ্য, অত্র কোম্পানির বিতরণ মার্জিন হতে রাজস্ব চাহিদার পরিমাণ প্রতি ঘনমিটারে ০.৩৮৭৭ টাকা(সংযুক্তি-২)। বর্ণিত প্রেক্ষাপটে অত্র কোম্পানির বিদ্যমান বিতরণ মার্জিন বৃদ্ধি করাও প্রয়োজন। গ্রাহক পর্যায়ে গ্যাসের মূল্য বৃদ্ধির আবেদন করার নিয়মানুযায়ী অগ্রণী ব্যাংক লিমিটেড, রাজগঞ্জ শাখা, কুমিল্লার ওপর অংকিত ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকার চেক নং-৫০৯০০৯৫ তারিখ ২৬-০১-২০১৯ এতদসংগে সংযুক্ত করা হলো।

এমতাবস্থায়, গ্রাহক পর্যায়ে গ্যাসের মূল্য বৃদ্ধি এবং অত্র কোম্পানির রাজস্ব চাহিদার আলোকে ডিস্ট্রিবিউশন মার্জিন বৃদ্ধির আবেদন বিবেচনার জন্য সবিনয় অনুরোধ জানাচ্ছি।

আপনার বিশ্বস্ত,

জরুরী

| বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন | |
|---|---|
| ডাইরী নং: ৫১২ | তারিখ: ২৭/০১/১৯ |
| সদস্য (পেট্রো/আইন) | ১। নথিতে উপস্থাপন করুন ✓ |
| সদস্য (প্রশাসন ও অর্থ) | ২। পরীক্ষান্তে মতামতসহ পেশ করুন |
| সদস্য (গ্যাস) ✓ | ৩। এ সম্পর্কে একটি প্রতিবেদন পেশ করুন |
| সদস্য (বিদ্যুৎ) | ৪। Please attend |
| সচিব | |
| একান্ত সচিব | |
| চেয়ারম্যান | |

২৬/১/১৯
(প্রকৌ. নিজাম শরিফুল ইসলাম)
ব্যবস্থাপনা পরিচালক
ই-মেইল ঃ md@bgdcl.org.bd

সংযুক্তি ঃ বর্ণনামত।

AD (Tariff) ০২.০২.১৯

অনুলিপি ঃ
০১। চেয়ারম্যান, পেট্রোবাংলা, ঢাকা।
০২। পরিচালক(অর্থ), পেট্রোবাংলা, ঢাকা।
০৩। মহাব্যবস্থাপক(অর্থ ও হিসাব), বিজিডিসিএল, কুমিল্লা।
০৪। অফিস কপি।

**Head Office:** Chapapur, P. O. Box No. 97, Comilla-3500, Bangladesh. • Tel: 081-65791-95, 081-76213-14
• Fax: 880-81-77199 • e-mail: lo@bgdcl.org.bd & md@bgdcl.org.bd • website : www.bgdcl.org.bd
**Brahmanbaria Office:** Ghatura, Brahmanbaria, Tel : 0851-62288 **Maijdee Office:** Islamia Road, Maijdee, Noakhali, Tel : 0321-61405, 61611

## বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড(বিজিডিসিএল)
## (পেট্রোবাংলার একটি কোম্পানি)

### ভোক্তা পর্যায়ে প্রাকৃতিক গ্যাসের মূল্য হার এবং বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড এর ডিস্ট্রিবিউশন মার্জিন বৃদ্ধির প্রস্তাব।

**ভূমিকা ঃ**

দেশীয় গ্যাস কোম্পানি ও আন্তর্জাতিক অয়েল কোম্পানির(আইওসি) নিয়ন্ত্রণাধীন গ্যাস ক্ষেত্রসমূহে গ্যাসের বর্তমান রিজার্ভ সীমিত। বিভিন্ন খাতে গ্যাস ব্যবহারের মাধ্যমে গ্যাসের রিজার্ভ তথা উৎপাদন ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে। ফলে বিভিন্ন শ্রেণীর গ্রাহকদের গ্যাসের চাহিদার পরিমাণ ও গ্যাস উৎপাদনের পরিমাণের ব্যবধান দিন দিন বৃদ্ধি পাচ্ছে। অর্থাৎ চাহিদার তুলনায় গ্যাস উৎপাদন ঘাটতির পরিমাণ ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। এভাবে গ্যাসের সীমিত মজুদ একদিন ব্যবহারের মাধ্যমে নিঃশেষ হয়ে যাবে। অনবায়নযোগ্য এবং সীমিত মজুদের প্রাকৃতিক গ্যাসের ওপর শিল্প, বাণিজ্যিক, গৃহস্থালী ছাড়াও দেশের বিদ্যুৎ উৎপাদনের প্রায় ৭৫% এবং ইউরিয়া সার উৎপাদনের ১০০% নির্ভরশীল। দেশের গার্মেন্টস শিল্পসহ গ্যাস ভিত্তিক অন্যান্য শিল্প প্রতিষ্ঠান, পাওয়ার ষ্টেশন, সার কারখানা ও বাণিজ্যিক প্রতিষ্ঠান যার সাথে দেশের অর্থ-সামাজিক অবস্থা ওতপ্রোতভাবে জড়িত, সে সমস্ত প্রতিষ্ঠান চালু রাখার লক্ষ্যে গ্যাসের নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করা সরকারের জন্য অপরিহার্য। সরকার দেশীয় গ্যাসের ক্রমহ্রাসমান উৎপাদন এবং দেশে গ্যাসের উত্তরোত্তর চাহিদা বৃদ্ধির বিষয়টি বিবেচনা করে বিভিন্ন খাতে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহের লক্ষ্যে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (LNG) গত ১৮ আগষ্ট, ২০১৮ হতে আমদানি করে আসছে এবং আমদানিকৃত এলএনজি পুনরায় গ্যাসে রূপান্তর করে ভাসমান এলএনজি ট্রার্মিনাল হতে জাতীয় গ্রীডে সরবরাহ করা হচ্ছে। আমদানিকৃত এলএনজি'র মূল্য দেশীয় উৎপাদিত গ্যাসের বিক্রয় মূল্য অপেক্ষা বেশী হওয়ায় আমদানিকৃত এলএনজি'র মূল্য সমন্বয়পূর্বক গ্রাহক পর্যায়ে গ্যাসের মূল্য বৃদ্ধির বিষয়টি বিবেচনা করা প্রয়োজন।

**গ্রাহক পর্যায়ে গ্যাসের মূল্য বৃদ্ধির প্রস্তাব ঃ**

আমদানিকৃত এলএনজি'র আমদানি মূল্য, আমদানি সংশ্লিষ্ট আনুষঙ্গিক ব্যয়, রিগ্যাসিফিকেশন ব্যয়সহ মোট আমদানি ব্যয়দেশীয় উৎপাদিত গ্যাসের মূল্যের তুলনায় অনেক বেশী। সেজন্য আমদানিকৃত এলএনজি'র ব্যয় দেশীয় উৎপাদিত গ্যাসের মূল্যের সাথে সমন্বয় করে গ্যাসের বিক্রয় মূল্য পুনঃনির্ধারণ করার প্রয়োজনীয়তা রয়েছে। উৎপাদন কোম্পানিসমূহের ওয়েলহেড মার্জিন, বিতরণ কোম্পানিসমূহের বিতরণ মার্জিন, সঞ্চালন কোম্পানিসমূহের সঞ্চালন মার্জিন, আরপিজিসিএল-এর এলএনজি অপারেশনাল চার্জ ও পেট্রোবাংলার চার্জের ক্ষেত্রে

(অবিরত পাতা-০২)

বিদ্যমান হার অপরিবর্তিত রেখে আমদানিকৃত এলএনজি'র মূল্য সমন্বয় করে গ্রাহক পর্যায়ে প্রাকৃতিক গ্যাসের মূল্য হার নিম্নরূপভাবে বৃদ্ধি করার প্রস্তাব করা হলো ঃ

| গ্রাহক শ্রেণী | বর্তমান মূল্য (প্রতি ঘনমিটার) | প্রস্তাবিত মূল্য (প্রতি ঘনমিটার) | বৃদ্ধির হার |
|---|---|---|---|
| বিদ্যুৎ | ৩.১৬ | ৭.৬৬ | ১৪২% |
| সার | ২.৭১ | ৭.০০ | ১৫৮% |
| কেপটিভ পাওয়ার | ৯.৬২ | ১৫.৭০ | ৬৩% |
| শিল্প | ৭.৭৬ | ১৫.০০ | ৯৩% |
| বাণিজ্যিক | ১৭.০৪ | ২০.০০ | ১৭% |
| চা | ৭.৪২ | ১২.৮০ | ৭৩% |
| সিএনজি (ফিড গ্যাস) | ৩২.০০ | ৪০.০০ | ২৫% |
| গৃহস্থালী ঃ | | | |
| ক) মিটারযুক্ত | ৯.১০ | ১৩.৬৫ | ৫০% |
| খ) একক বার্ণার | ৭৫০ | ১০০০ | ৩৩% |
| গ) ডাবল বার্ণার | ৮০০ | ১২০০ | ৫০% |

**<u>প্রস্তাবিত মূল্য নির্ধারণে বিবেচ্য বিষয়সমূহ</u>** ঃ

- উৎপাদন কোম্পানিসমূহের ওয়েলহেড মার্জিন, বিতরণ কোম্পানিসমূহের বিতরণ মার্জিন, সঞ্চালন কোম্পানিসমূহের সঞ্চালন মার্জিন, আরপিজিসিএল-এর এলএনজি অপারেশনাল চার্জ ও পেট্রোবাংলার চার্জের ক্ষেত্রে বিদ্যমান হার অপরিবর্তিত রাখা হয়েছে ;
- আইওসি উৎপাদিত গ্যাসের নীট ব্যয় প্রতি ঘনমিটারে ২.৫৫ টাকা বিবেচনা করা হয়েছে এবং
- সরকারের হিস্যা হিসেবে শুধুমাত্র মূল্য সংযোজন কর (ভ্যাট) ১৫% বিবেচনায় নেয়া হয়েছে এবং এক্ষেত্রে আমদানি পর্যায়ের ভ্যাট সমন্বয় করা হয়েছে।

**<u>প্রস্তাবনা</u>** ঃ

- আমদানিকৃত এলএনজি'র মূল্য দেশীয় উৎপাদিত গ্যাসের বিক্রয় মূল্য অপেক্ষা বেশী হওয়ায় আমদানিকৃত এলএনজি'র মূল্য সমন্বয়পূর্বক গ্রাহক পর্যায়ে গ্যাসের মূল্য বৃদ্ধির বিষয়টি বিবেচনাযোগ্য ; এবং
- অত্র কোম্পানির আর্থিক তারল্য, বিনিয়োগকারীর স্বার্থ রক্ষা, করদায় সংকুলান ও নিজস্ব অর্থায়নে প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে গ্রাহক সেবার মান উন্নয়ন করার লক্ষ্যে ভারিত গড়ে প্রতি ঘনমিটার গ্যাসের বিতরণ মার্জিন ০.২৫০০ টাকা হতে বৃদ্ধি করে ০.৩৮৭৭ টাকায় নির্ধারণ বিবেচনা।

২৫/১/১৯
(প্রকৌ. নিজাম শরিফুল ইসলাম)
ব্যবস্থাপনা পরিচালক, বিজিডিসিএল,
ই-মেইল ঃ md@bgdcl.org.bd

বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড(বিজিডিসিএল)
(পেট্রোবাংলার একটি কোম্পানি)

বিজিডিসিএল এর রাজস্ব চাহিদার আলোকে ভাড়িত
গড়ে প্রস্তাবিত ডিস্ট্রিবিউশন মার্জিন নির্ণয় বিবরণী

(Million Taka)

| Sl. No. | Particulars | 2016-17 (Actual) | 2017-18 (Actual ) | 2018-19 (Budgeted) |
|---|---|---|---|---|
| | Rate base : | | | |
| 1 | Fixed assets in service(Gross) | 7170.20 | 7569.91 | 7990.21 |
| 2 | Accumulated depreciation | 2848.92 | 3195.96 | 3518.36 |
| 3 | Net fixed assets in service (1-2) | 4321.28 | 4373.95 | 4471.85 |
| 4 | Regulatory working capital (Annexure - 1) | 575.61 | 548.43 | 458.63 |
| 5 | Total rate base (3+4) | 4896.89 | 4922.38 | 4930.48 |
| 6 | Rate of return on Rate Base (%) | | | |
| 7 | Return on Rate Base(5x6) | | | |
| 8 | **Actual return on equity** | 550.00 | 500.00 | 500.00 |
| 9 | **Return on debt(Interest)** | 16.85 | 15.64 | 14.18 |
| 10 | **Total return on equity and debt (8+9)** | 566.85 | 515.64 | 514.18 |
| | **Operating expenses :** | | | |
| 11 | Operation and maintenance expenses : | | | |
| 11.1 | Personnel expenses | 803.21 | 861.39 | 908.10 |
| 11.2 | Office and other expenses | 179.30 | 151.56 | 182.80 |
| 11.3 | Repair and maintenance expenses | 23.97 | 40.02 | 69.00 |
| 11.4 | Petrobangla's actual overhead costs recovery | 126.32 | 65.71 | 20.00 |
| 11.5 | Bad debt provision | 10.91 | 20.29 | 20.00 |
| 11.6 | System operation fees for BERC | 2.71 | 2.93 | 6.10 |
| 12 | Total operation and maintenance expenses (11.1+....+11.6) | 1146.42 | 1141.90 | 1206.00 |
| 13 | Depreciation | 262.55 | 272.62 | 322.40 |
| 14 | Provision for WPPF | 128.64 | 114.66 | 63.63 |
| 15 | Total operating expenses before taxes (12+13+14) | 1537.61 | 1529.18 | 1592.03 |
| 16 | Corporate Taxes/Source tax | 916.90 | 921.41 | 423.11 |
| 17 | Total operating expenses including corporate taxes (15+16) | 2454.51 | 2450.59 | 2015.14 |
| 18 | Required operating revenue (10+17) | 3021.36 | 2966.23 | 2529.32 |
| 19 | Current operating revenue : | | | |
| 20 | Income from gas distribution charges (Annexure -2) | 907.43 | 857.72 | 947.50 |
| 21 | Other income : | | | |
| 21.1 | Income from heating charge | 378.55 | 478.27 | 478.30 |
| 21.2 | Income from own transmission | 7.05 | 5.35 | 14.62 |
| 21.3 | Operational income | 199.98 | 191.85 | 146.55 |
| 21.4 | Non-operating income | 31.47 | 25.09 | 14.40 |
| 21.5 | Interest income | 595.42 | 480.20 | 435.55 |
| 22 | Total other income(21.1+....+21.5) | 1212.47 | 1180.76 | 1089.42 |
| 23 | Total current revenue(20+22) | 2119.90 | 1876.19 | 2036.92 |
| 24 | Amount of gas purchase (MMCM) | 3569.92 | 3386.26 | 3790.00 |
| 25 | Adjusted system loss (%) | | | 2.00% |
| 26 | Adjusted amount of gas distributed/sold (MMCM) | | | 3714.20 |

নারায়ন চন্দ্র পাল
মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)
বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোঃ লিঃ
চাপাপুর, কুমিল্লা।

| | | | | |
|---|---|---|---|---|
| 27 | Total revenue required per CM(18/26) | | | 0.6810 |
| 28 | Revenue from other income per CM (22/26) | | | 0.2933 |
| 29 | Revenue required from distribution margin per CM(27-28) | | | 0.3877 |
| 30 | Existing revenue from distribution margin per CM(20/26) | | | 0.2500 |
| 31 | Additional revenue required from distribution margin per CM(29-30) | | | 0.1377 |

নারায়ণ চন্দ্র পাল
মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)
বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোঃ লিঃ.
চাপাপুর, কুমিল্লা

Annexure-1

**BAKHRABAD GAS DISTRIBUTION COMPANY LIMITED(BGDCL)**
(A Company of Petrobangla)

# Statement showing the Regulatory working capital

(Million Taka)

| Sl. No. | Particulars | 2016-17 (Actual) | 2017-18 (Actual) | 2018-19 (Budgeted) |
|---|---|---|---|---|
| 1 | Cash working capital(Annual O & M expenses) | 1135.51 | 1121.61 | 1163.70 |
| 2 | Annual material and supplies Inventory | 147.29 | 78.08 | 179.20 |
| 3 | Annual Prepayments | 974.63 | 922.49 | 446.60 |
| 4 | Customers security deposits | 45.01 | 71.52 | 45.00 |
| 5 | Regulatory working capital | 2302.44 | 2193.70 | 1834.50 |
| 6 | ¼ of Regulatory working capital | 575.61 | 548.43 | 458.63 |

নারায়ন চন্দ্র পাল
মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)
বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোঃ লিঃ.
চাপাপুর, কুমিল্লা

Annexure-2

# BAKHRABAD GAS DISTRIBUTION COMPANY LIMITED(BGDCL)
(A Company of Petrobangla)

Statement showing the calculation of Distribution Margin

(Million Taka)

| Category of customer | Distribution margin per CM/Taka | 2018-19(Budgeted) | |
|---|---|---|---|
| | | Purchase Quantity (MMCM) | Distribution Margin (Million Taka) |
| Power | 0.2500 | 2763.00 | 690.75 |
| Fertilizer | 0.2500 | 159.00 | 39.75 |
| Captive power | 0.2500 | 100.00 | 25.00 |
| Industrial | 0.2500 | 55.00 | 13.75 |
| Commercial | 0.2500 | 45.00 | 11.25 |
| CNG-Feed Gas | 0.2500 | 170.00 | 42.50 |
| Domestic | 0.2500 | 498.00 | 124.50 |
| Total | | 3790.00 | 947.50 |

নারায়ন চন্দ্র পাল
মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)
বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোং লিঃ
চাপাপুর, কুমিল্লা

**বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড**

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

চাঁপাপুর, কুমিল্লা।

**(ক) অব্যবহিত ০৩ (তিন) বছরের (২০১৪-১৫, ২০১৫-১৬ এবং ২০১৬-১৭) কালানুক্রমিক বর্ণনাসহ প্রস্তাবিত ট্যারিফের (ভোক্তাপর্যায়ের প্রাকৃতিক গ্যাসের মূল্যহার এবং বাখরাবাদ গ্যাস এর বিতরণ।**

| | অর্থ বছর | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| গ্রাহক শ্রেণী | ২০১৫-১৬ | | | | ২০১৬-১৭ | | | | ২০১৭-১৮ | | ২০১৮-১৯ | |
| | ভোক্তাপর্যায়ে প্রাকৃতিক গ্যাসের মূল্যহার | | বাখরাবাদ গ্যাস এর বিতরণ মার্জিন | | ভোক্তাপর্যায়ে প্রাকৃতিক গ্যাসের মূল্যহার | | | বাখরাবাদ গ্যাস এর বিতরণ মার্জিন। | ভোক্তা পর্যায়ে প্রাকৃতিক গ্যাসের মূল্যহার | বাখরাবাদ গ্যাস এর বিতরণ মার্জিন | গ্যাসের মূল্যহার | বাখরাবাদ গ্যাস এর বিতরণ মার্জিন |
| | ১ জুলাই ২০১৫ হতে ৩১ আগষ্ট ২০১৫ পর্যন্ত। | ১ সেপ্টেম্বর ২০১৫ হতে ৩০ জুন ২০১৬ পর্যন্ত। | ১ জুলাই ২০১৫ হতে ৩১ আগষ্ট ২০১৫ পর্যন্ত। | ১ সেপ্টেম্বর ২০১৫ হতে ৩০ জুন ২০১৬ পর্যন্ত। | ১ জুলাই ২০১৬ হতে ২৮ ফেব্রুয়ারী ২০১৭ পর্যন্ত। | ১ মার্চ ২০১৭ হতে ৩১ মে ২০১৭ পর্যন্ত। | ১ জুন ২০১৭ হতে ৩০ জুন ২০১৭ পর্যন্ত। | ১ জুলাই ২০১৬ হতে ৩০ জুন ২০১৭ পর্যন্ত। | | | | |
| বিদ্যুৎ | ২.৮২ | ২.৮২ | ০.২১২৫ | ০.২৬৫০ | ২.৮২ | ২.৯৯ | ৩.১৬ | ০.২৬৫০ | ৩.১৬ | ০.২৬৫০ | ৩.১৬ | ০.২৫০০ |
| সার | ২.৫৮ | ২.৫৮ | ০.১৫৫০ | ০.২৬৫০ | ২.৫৮ | ২.৬৪ | ২.৭১ | ০.২৬৫০ | ২.৭১ | ০.২৬৫০ | ২.৭১ | ০.২৫০০ |
| সিএনজি | ২৩.০০ | ২৭.০০ | ০.২০২৮ | ০.১৫৫০ | ২৭.০০ | ৩০.০০ | ৩২.০০ | ০.১৫৫০ | ৩২.০০ | ০.১৫৫০ | ৩২.০০ | ০.২৫০০ |
| ক্যাপটিভ পাওয়ার | ৪.১৮ | ৮.৩৬ | ০.৫৭১০ | ০.১৫৫০ | ৮.৩৬ | ৮.৯৮ | ৯.৬২ | ০.১৫৫০ | ৯.৬২ | ০.১৫৫০ | ৯.৬২ | ০.২৫০০ |
| শিল্প | ৫.৮৬ | ৬.৭৪ | ০.৯৫৫০ | ০.২৪৫০ | ৬.৭৪ | ৭.২৪ | ৭.৭৬ | ০.২৪৫০ | ৭.৭৬ | ০.২৪৫০ | ৭.৭৬ | ০.২৫০০ |
| চা-বাগান | ৫.৮৬ | ৬.৪৫ | ০.৯৫৫০ | ০.২৪৫০ | ৬.৪৫ | ৬.৯৩ | ৭.৪২ | ০.২৪৫০ | ৭.৪২ | ০.২৪৫০ | ৭.৪২ | ০.২৫০০ |
| বাণিজ্যিক | ৯.৪৭ | ১১.৩৬ | ১.৭৩৫০ | ০.২৪৫০ | ১১.৩৬ | ১৪.২০ | ১৭.০৪ | ০.২৪৫০ | ১৭.০৪ | ০.২৪৫০ | ১৭.০৪ | ০.২৫০০ |
| গৃহস্থালি | ৫.১৬ | ৭.০০ | ০.৭২৫০ | ০.২৪৫০ | ৭.০০ | ৯.১০ | ৯.১০ | ০.২৪৫০ | ৯.১০ | ০.২৪৫০ | ৯.১০ | ০.২৫০০ |
| | | | | | | | | | | | | |

০৮/০২/২০১৮

নারায়ন চন্দ্র পাল

মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)

বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোঃ লিঃ

চাপাপুর, কুমিল্লা

**বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড**
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
চাঁপাপুর, কুমিল্লা।

(খ) ট্যারিফ পরিবর্তনের ফলে প্রভাবিত হতে পারে এরূপ ব্যক্তি ও প্রতিষ্ঠানের সাথে আবেদনকারীর বর্তমান সম্পর্ক এবং প্রস্তাবিত পরিবর্তনের পর গ্রাহকের সাথে সম্ভাব্য সম্পর্কের বিবরণ ঃ

ট্যারিফ পরিবর্তনের ফলে প্রভাবিত হতে পারে এরূপ ব্যক্তি ও প্রতিষ্ঠানের সাথে আবেদনকারীর সুসম্পর্ক বিদ্যমান রয়েছে। বিদুৎ, সার, ক্যাপটিভ পাওয়ার, শিল্প, সিএনজি, বাণিজ্যিক ও আবাসিক এ ০৭ (সাত) শ্রেণীর গ্রাহকদের ট্যারিফ পরিবর্তন করে সরবরাহযোগ্য গ্যাসের গ্রাহক পর্যায়ের মূল্য বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। ইতোপূর্বেও বাংলাদেশ এনার্জী রেগুলেটরী কমিশন(বিইআরসি) কর্তৃক বাস্তবতার নিরীখে গ্রাহক পর্যায়ে ট্যারিফ পরিবর্তন করে একাধিকবার মূল্য বৃদ্ধি করা হয়েছে। বিইআরসি কর্তৃক মূল্য বৃদ্ধির পরিপ্রেক্ষিতে গ্রাহক ও আবেদনকারীর সম্পর্কের কোন অবনতি হয়নি। দেশে বর্তমান গ্যাসের চাহিদার তুলনায় উৎপাদনের ঘাটতি এবং ভবিষ্যতে ক্রমবর্ধমান ঘাটতি পূরনের লক্ষ্যে বিদেশ হতে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) আমদানি করা অপরিহার্য বিধায় এলএনজি আমদানির অতিরিক্ত ব্যয়ভার বিভিন্ন শ্রেণীর গ্রাহক কর্তৃক বহণ করতে কোন বিরূপ পরিস্থিতির উদ্ভব হবে না। কারণ এলএনজি আমদানির সুবিধা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে আপামর জনগোষ্ঠীই ভোগ করবে। সুতরাং ধারনা করা যায় বর্তমানেও ট্যারিফ পরিবর্তন করে গ্রাহক পর্যায়ে গ্যাসের মূল্য বৃদ্ধি করা হলে গ্রাহক ও গ্যাস সরবরাহকারীর সম্পর্কের কোন অবনতি হবে না। বর্তমানের ন্যায় গ্যাসের মূল্য বৃদ্ধির পরও গ্রাহকদের সাথে আবেদনকারীর সুসম্পর্ক বজায় থাকবে এবং গ্রাহকগণ যথারীতি গ্যাস বিল পরিশোধ করবে।

06/02/2022

নারায়ন চন্দ্র পাল
মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)
বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোঃ লিঃ
চাপাপুর, কুমিল্লা

## (গ) ট্যারিফ পরিবর্তন ঘোষনা সংক্রান্ত খসড়া বিজ্ঞপ্তি ঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা)
১, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

নং- বিইআরসি/ট্যারিফ ........................ তারিখ ঃ .....................

১। দেশের বিদ্যমান প্রাকৃতিক গ্যাসের চাহিদার ঘাটতি পূরণ এবং ভবিষ্যত ক্রমবর্ধমান গ্যাসের ঘাটতি পূরণের লক্ষ্যে সরকার কর্তৃক আমদানীকৃত তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) এর রিগ্যাসিফিকেশন ব্যয়সহ মোট ব্যয় নির্বাহের জন্য বাংলাদেশ এনার্জি রেগুলটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা-২২(খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেমস লিমিটেড, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড এবং সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড কর্তৃক ভোক্তা পর্যায়ে সরবরাহকৃত গ্যাসের মূল্যহার ........................... তারিখ হতে কার্যকর করে নিম্নোক্ত ভাবে পুনঃনির্ধারণ করা হল ঃ

| ক্রমিক নং | গ্রাহক শ্রেণী | মূল্যহার (টাকা/ঘণমিটার) |
|---|---|---|
| ১। | বিদ্যুৎ | ৭.৬৬ |
| ২। | ক্যাপটিভ পাওয়ার | ১৫.৭০ |
| ৩। | সার | ৭.০০ |
| ৪। | শিল্প | ১৫.০০ |
| ৫। | চা বাগান | ১২.৮০ |
| ৬। | বাণিজ্যিক | ২০.০০ |
| ৭। | সিএনজি | ৪৮.০০ |
| ৮। | গৃহস্থালী ঃ | |
| | (ক) মিটার ভিত্তিক | ১৩.৬৫ |
| | (খ) এক বার্ণার (প্রতি মাসে নির্দিষ্ট) | ১০০০.০০ |
| | (গ) দুই বার্ণার (প্রতি মাসে নির্দিষ্ট) | ২০০০.০০ |

২। প্রতি ঘনমিটার সিএনজি গ্যাসের পুনঃনির্ধারিত মূল্যহারের মধ্যে ফিড গ্যাসের মূল্যহার ৪০.০০ টাকা এবং অপারেটর মার্জিন ৮.০০ টাকা অন্তর্ভূক্ত রয়েছে।

৩। গ্যাস সরবরাহে বিদ্যমান অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

কমিশনের আদেশক্রমে

সচিব
ফোন .......................

নারায়ন চন্দ্র পাল
মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)
বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোঃ লিঃ.
চাপাপুর, কুমিল্লা

বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
চাঁপাপুর, কুমিল্লা।

(চ) ট্যারিফ পরিবর্তনের প্রস্তাব অনুমোদিত না হলে সম্ভাব্য আর্থিক প্রভাবের বিস্তারিত (লাভ/ক্ষতি উল্লেখসহ) বিবরণ ঃ

দেশের সার কারখানা, বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র ও শিল্প কারখানার অধিকাংশই গ্যাস ভিত্তিক। দেশে গ্যাসের বর্তমান গ্যাস উৎপাদনের পরিমাণ চাহিদার তুলনায় কম। গ্যাসের চাহিদা ক্রমবর্ধমান হলেও বিদ্যমান গ্যাস ক্ষেত্রসমূহ হতে গ্যাস উৎপাদনের পরিমাণ ক্রম হ্রাসমান। নতুন গ্যাস ক্ষেত্র আবিস্কারের মাধ্যমে গ্যাসের উৎপাদন বৃদ্ধি করা সম্ভব না হলে গ্যাসের ক্রমবর্ধমান চাহিদার বিপরীতে বিদ্যমান গ্যাস ক্ষেত্রসমূহ হতে গ্যাস সরবরাহ অব্যাহত রাখলে অদূর ভবিষ্যতে গ্যাস ক্ষেত্রসমূহের রিজার্ভ শূন্য হয়ে যাবে। ফলে গ্যাস ভিত্তিক সার কারখানা, বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র, শিল্প কারখানা, বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহ ও আবাসিক গ্রাহকদেরকে গ্যাস সরবরাহ করা সম্ভব হবে না। ফলশ্রুতিতে দেশের সার্বিক আর্থ-সামাজিক অবস্থার উপর বিরূপ প্রভাবের সৃষ্টি হবে। এ বিরূপ আর্থ-সামাজিক প্রভাব থেকে উত্তরণের জন্য এলএনজি আমদানির কোন বিকল্প নেই। তাই সরকার জনস্বার্থে বিদেশ হতে এলএনজি আমদানির মাধ্যমে তা গ্যাসে রূপান্তর করে জাতীয় গ্রীডে সরবরাহ করছে । আমদানিকৃত এলএনজির ব্যয় গ্যাসের বর্তমান বিক্রয় মূল্য এবং আন্তর্জাতিক তেল কোম্পানি হতে ক্রয়কৃত গ্যাসের মূল্য অপেক্ষা বেশি হওয়ায় এলএনজি আমদানির অতিরিক্ত ব্যয় মিটানোর লক্ষ্যে ট্যারিফ পরিবর্তন করে গ্রাহক পর্যায়ে গ্যাসের মূল্য বৃদ্ধি করা অপরিহার্য। গ্রাহক পর্যায়ে গ্যাসের মূল্য বৃদ্ধি করা না হলে এলএনজি আমদানির অতিরিক্ত ব্যয়ের জন্য সরকারকে ভর্তূকী প্রদান করার প্রয়োজন হবে, যা মোটেও কাঙ্খিত ও বাস্তবসম্মত নয়। তাই ট্যারিফ পরিবর্তনের প্রস্তাব অনুমোদিত হওয়া প্রয়োজন।

06/02/2022

নারায়ন চন্দ্র পাল
মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)
বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোঃ লিঃ
চাঁপাপুর, কুমিল্লা।

## বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

চাঁপাপুর, কুমিল্লা।

(ছ) অব্যবহিত বিগত ০৩ (তিন) অর্থ বছরের (২০১৫-১৬, ২০১৬-১৭ এবং ২০১৭-১৮) প্রকৃত, ২০১৮-১৯ অর্থ বছরের সাময়িক এবং ২০১৯-২০ অর্থ বছরের প্রাক্কলিত সিস্টেম লস এর বিবরণ ঃ

| অর্থ বছর | সিস্টেম গেইন/(লস) |
|---|---|
| ২০১৫-১৬ | ০.০০০৪% (গেইন) |
| ২০১৬-১৭ | ৯.৩২% (গেইন) |
| ২০১৭-১৮ | ৫.৪৭% (গেইন) |
| ২০১৮-১৯ (ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত) | ১.৭৭% (গেইন) |
| ২০১৯-২০ | |

পাইপলাইনে গ্যাসের চাপ পরিমিত (Standard) পরিমানে বিরাজমান থাকলে ২০১৮-১৯ অর্থ বছরের শেষ নাগাদ সিস্টেম গেইন শুন্যে নেমে আসতে পারে এবং ২০১৯-২০ অর্থ বছরে সিস্টেম লস হওয়ার সম্ভাবনা রয়েছে।

নারায়ন চন্দ্র পাল
মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)
বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোঃ লিঃ
চাপাপুর, কুমিল্লা